

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ১৮, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বেসরকারিকরণ ও বিরোধীকরণ শাখা  
প্রজ্ঞাপন

তারিখ: ২৩ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ/০৬ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ

নং ২৪.০০.০০০০.২০২.১৮.০১৪.১৪(৩য় খণ্ড)-১৭৬—যেহেতু, Bangladesh Industrial Enterprises (Nationalisation) Order, 1972 (P.O.No-27 of 1972) এর প্রথম তফসিলভুক্ত ১১ নং ক্রমিক-এ উল্লিখিত এ, আর, হাওলাদার জুট মিলস্ লিঃ, মাদারীপুর অতঃপর উক্ত কোম্পানিবলে উল্লিখিত এর সকল শেয়ার ও অন্যান্য স্বত্ব সরকারে ন্যস্ত ছিল, এবং

যেহেতু, ১২ ডিসেম্বর, ১৯৮২ তারিখের শিল্পনীতির শর্তসমূহ প্রতিপালন করে সরকার উক্ত কোম্পানির সাথে সম্পাদিত দ্বিপাক্ষিক চুক্তি ও বিজেএমসি এবং সংশ্লিষ্ট ব্যাংক ও সরকারের সাথে সম্পাদিত হস্তান্তর চুক্তিমূলে মিল গ্রহীতাগণ মিলের বিপরীতে সরকার ও সরকারের আর্থিক প্রতিষ্ঠানসমূহের যাবতীয় দায়-দেনা পরিশোধ করার জন্য চুক্তিবদ্ধ হয়ে মিলের ব্যবস্থাপনার দায়িত্ব গ্রহণ করে। উক্ত দায়-দেনা পরিশোধ না করে এবং দীর্ঘ সময় যাবৎ মিল বন্ধ রেখে উৎপাদন বৃদ্ধি না করে চুক্তিপত্রের শর্ত ভংগ করেছে; এবং

যেহেতু, সরকার ও সরকারি আর্থিক প্রতিষ্ঠানসমূহের যাবতীয় পাওনা পরিশোধের পূর্বে মিলের কোন স্থাবর-অস্থাবর সম্পদ সরকারের পূর্বানুমোদন ব্যতিরেকে বিক্রয়/হস্তান্তর না করার জন্য চুক্তিতে অঙ্গিকারাবদ্ধ হয়েও মিলের যাবতীয় মেশিনারীজ ও স্থাপনা সরকারের অজান্তে বিক্রয় করে চুক্তি ভঙ্গ করেছে; এবং

যেহেতু, মিল ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে মিলের নিকট সরকারের পাওনা পরিশোধের জন্য সর্বশেষ ১৪-১২-২০১৬ তারিখে তাগিদপত্র প্রদান করা সত্ত্বেও সরকারি পাওনা পরিশোধ করেনি; এবং

(৩৭৯৫)

মূল্য : টাকা ৪.০০

যেহেতু, মিল কর্তৃপক্ষ দীর্ঘদিন যাবৎ মিল পরিচালনা না করে বন্ধ অবস্থায় ফেলে রেখেছে, হাজার হাজার শ্রমিক-কর্মচারীকে তাদের কর্মসংস্থান হতে বঞ্চিত করে রেখেছে, এতে মিল হস্তান্তরের উদ্দেশ্য ব্যাহত হয়েছে এবং হস্তান্তর চুক্তি লংঘিত হয়েছে;

সেহেতু, জনস্বার্থে Contract Act 1872 (IX of 1872) এর ৩৯ নং ধারা অনুযায়ী ১২ ডিসেম্বর, ১৯৮২ খ্রিস্টাব্দ তারিখে সম্পাদিত মিল হস্তান্তর চুক্তিদ্বয় (দ্বিপাক্ষিক ও ত্রিপক্ষীয়) বাতিল করা হল। এতদ্বারা এ, আর, হাওলাদার জুট মিলস্ লিঃ, মাদারীপুর শিল্প কারখানাটিসহ উক্ত কোম্পানির যাবতীয় স্থাবর-অস্থাবর সম্পত্তি ও স্বত্ব (জেলা প্রশাসক, মাদারীপুর কর্তৃক রিজিউম মামলা নং-১/২০০৮-২০০৯ এর সাথে সংশ্লিষ্ট ১৫.৮৮ একর জমি আপাততঃ বাদ দিয়ে) সরকার কর্তৃক অদ্য ০৬-০৪-২০১৭ খ্রিস্টাব্দ/২৩ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ তারিখে পুনঃগ্রহণ (Take Back) করা হলো এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত মিলটি ব্যবস্থাপনার নিমিত্ত এ মন্ত্রণালয়ের আওতাধীন রাষ্ট্রায়ত্ত্ব সংস্থা বিজেএমসি'র নিয়ন্ত্রণে ন্যস্ত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

রীনা পারভীন

অতিরিক্ত সচিব।